



## বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

web site:www.bsfc.gov.bd e-mail:bsfcic@gmail.com.

e-mail:chmkt.bsfc@gmail.com, FAX:৮৮০-২-৯৫৫৫৭৮০, ৯৫৫০৪৮১ TEL: ৯৫৬০৪১২.

### "আখের চিনি উৎকৃষ্ট চিনি, অধিক মিষ্ট, স্বাস্থ্যসম্মত এবং ব্যবহারে সাশ্রয়ী"

করপোরেশনের প্যাকেটজাত চিনি, কেবুজ ভিনেগার ও জৈবসার "সোনার দানা" প্যাকেট এবং নিজস্ব খামারে উৎপাদিত বিভিন্ন পণ্য বিক্রয় / বাজারজাতকরণের নিমিত্ত পরিবেশক (ডিস্ট্রিবিউটর) নিয়োগের আবেদন ফরম।  
(যথাযথ পূরণ ও তথ্য/ দলিলাদি সংযুক্ত থাকা আবশ্যিক)

- ১। প্রতিষ্ঠানের নাম :
  - ২। প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানা (হোল্ডিং নম্বর, রাস্তার নাম, ওয়ার্ড নম্বর, থানা, জেলা) :
  - ৩। প্রতিষ্ঠান মালিকের নাম ও পূর্ণ ঠিকানা :
  - ৪। বিএসএফআইসি'র তালিকাভুক্ত চলমান চিনির ডিলার হলে : হোলসেল / হোলসেল (রুপান্তর) ডিলার নম্বর:  
পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে ঠিকানা:
- সংযুক্তি : (নিম্নে উল্লিখিত দলিলাদি/ প্রমাণাদি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)
- ৫। প্রতিষ্ঠান মালিকের সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ কপি :  
সত্যায়িত ছবি
  - ৬। হালনাগাদ নবায়নকৃত "ট্রেড লাইসেন্স" এর সত্যায়িত কপি :
  - ৭। হালনাগাদ "টিআইএন সনদপত্র" এর সত্যায়িত কপি :
  - ৮। ব্যাংক কর্তৃক প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত "স্বচ্ছলতা সনদপত্র" এর সত্যায়িত কপি :
  - ৯। প্রতিষ্ঠানের ঘর/গুদাম নিজস্ব মালিকানায় হলে মালিকানা সংক্রান্ত প্রমাণপত্রের সত্যায়িত কপি :
  - ১০। ঘর / গুদাম ভাড়া কৃত হলে ঘর ভাড়া চুক্তিনামা এবং ভাড়া রশিদের সত্যায়িত কপি :
  - ১১। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি :
  - ১২। সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দার স্বপক্ষে জেলা, উপজেলা, ইউনিয়ন, ওয়ার্ড এর চেয়ারম্যান/কমিশনারের প্রত্যয়নপত্র :
  - ১৩। পরিবেশক নিয়োগের স্বপক্ষে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার এর প্রত্যয়নপত্রের মূল কপি :
  - ১৪। জামানত বাবদ সংযুক্ত পে-অর্ডার/ডিডি'র বিবরণ : পে-অর্ডার/ডিডি নম্বর : -----, তারিখ: -----,  
ব্যাংকের নাম : -----, শাখা : -----,  
টাকার পরিমাণ :
  - ১৫। মোবাইল নম্বর :

শর্তাবলি :

- ১। আবেদনপত্রের সাথে জামানত হিসেবে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা যে কোন তফসিল ব্যাংক হতে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর অনুকূলে ডিডি / পে-অর্ডার এর মাধ্যমে দাখিল করতে হবে। ডিস্ট্রিবিউটরশিপ মঞ্জুর না হলে উহা ফেরৎ দেয়া হবে। ডিস্ট্রিবিউটরশিপ চুক্তি হলে জামানত বাবদ প্রদত্ত টাকা ২ (দুই) বছরের মধ্যে উঠানো যাবে না এবং উক্ত টাকার জন্য কোন প্রকার সুদ / লাভ দেয়া হবে না;

চলমান পাতা -২

- ২। ডিস্ট্রিবিউটরশিপ প্রাথমিকভাবে ২ (দুই) অর্থবছরের জন্য “অ্যাডহকভিত্তিতে” নিয়োগ দেয়া হবে এবং সন্তোষজনক ব্যবসায়িক কার্যক্রমের ওপর ভিত্তি করে পরবর্তী ২ (দুই) বছরের জন্য নবায়ন করা হবে;
- ৩। করপোরেশন অথবা পরিবেশক (ডিস্ট্রিবিউটর) ১ এক মাসের নোটিশ দিয়ে ডিস্ট্রিবিউটরশিপ বাতিল অথবা প্রত্যাহার করতে পারবেন ;
- ৪। প্রতি জেলায় ০১ (এক) জন “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে পরিবেশক (ডিস্ট্রিবিউটর) নিয়োগ করা হবে;
- ৫। বরাদ্দকৃত পণ্য সংশ্লিষ্ট চিনিকল / করপোরেশন সদর দপ্তর / বিএসএফআইসি শিপিং অফিস, চট্টগ্রাম এর নিজস্ব পরিবহণে পৌঁছে দেয়া হবে। এক্ষেত্রে বরাদ্দকৃত পণ্যের পরিমাণ ১০ (দশ) মে.টনের নিচে গ্রহণযোগ্য হবে না ;
- ৬। সরকার / করপোরেশন কর্তৃক পণ্যের যখন যে দর নির্ধারণ করা হবে সে দর (ভ্যাট ও করসহ প্রযোজ্য হলে) কার্যকর হবে। বরাদ্দকৃত পণ্যের সমুদয়মূল্য সংশ্লিষ্ট চিনিকল / করপোরেশন সদর দপ্তর / বিএসএফআইসি শিপিং অফিস, চট্টগ্রাম এর অনুকূলে ইস্যুকৃত ডিডি / পে-অর্ডার এর মাধ্যমে অথবা নগদে অগ্রিম পরিশোধপূর্বক পণ্য সরবরাহ নিতে হবে ;
- ৭। পরিবেশক (ডিস্ট্রিবিউটর) শুধুমাত্র প্যাকেটজাত চিনি বিক্রয়ের ক্ষেত্রে করপোরেশনের নির্ধারিত বিক্রয়মূল্যের ওপর ৭% হারে কমিশন প্রাপ্য হবেন। তবে কমিশনের পরিমাণ হ্রাস/বৃদ্ধি বা বাতিল করার বিষয়ে করপোরেশন / চিনিকল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ;
- ৮। পণ্য সরবরাহ, সরবরাহের পরিমাণ হ্রাস / বৃদ্ধি সম্পূর্ণরূপে পণ্যের মজুদের ওপর নির্ভরশীল। ডিস্ট্রিবিউটরশিপ এর বিপরীতে মিল বিভাজন তালিকা সংযুক্ত “ক” দ্রষ্টব্য। এক্ষেত্রে করপোরেশন / চিনিকল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ;
- ৯। প্রতি সপ্তাহ / মাসভিত্তিক পণ্যের চাহিদাপত্র করপোরেশন / সংশ্লিষ্ট চিনিকল বরাবর প্রেরণ করতে হবে। সরবরাহকৃত পণ্য কোন অবস্থাতেই ফেরৎ নেয়া হবে না ;
- ১০। পরপর ২ মাস চাহিদাপত্র প্রেরণ অথবা বরাদ্দকৃত পণ্য উত্তোলনে ব্যর্থ হলে ডিস্ট্রিবিউটরশিপ স্থগিত/ বাতিলযোগ্য হবে। এ বিষয়ে করপোরেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ;
- ১১। করপোরেশন কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে ব্যবসার স্থান পরিবর্তন বা মালিকানা হস্তান্তর করা যাবে না ;
- ১২। করপোরেশন কর্তৃপক্ষ কর্তৃক আবেদন গ্রহণযোগ্য হলে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি সম্পাদন করতে হবে। এক্ষেত্রে পরিবেশক (ডিস্ট্রিবিউটর) স্ট্যাম্প ও প্রয়োজনীয় সংখ্যক কার্টিজ পেপার সরবরাহ করবেন;
- ১৩। করপোরেশন কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন সময় পণ্য উত্তোলন ও বিক্রয়ের রেকর্ডপত্র পরীক্ষা / নিরীক্ষা করতে পারবেন। প্রতিষ্ঠানের অস্তিত্ব ও ব্যবসায়িক কার্যক্রমে কোন অনিয়ম পরিলক্ষিত হলে ডিস্ট্রিবিউটরশিপ স্থগিত / বাতিল করা হবে ;
- ১৪। প্রাকৃতিক দুর্যোগ বা অপ্রত্যাশিত কোন সমস্যা বা জটিলতা দেখা দিলে বা উপরোক্ত শর্তাবলির আওতায় পড়েনা এমন কোন বিষয়ে মতবিরোধ দেখা দিলে করপোরেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ;
- ১৫। করপোরেশন প্রয়োজনবোধে যে কোন শর্ত পরিবর্তন / পরিবর্ধন / সংযোজন / বিয়োজন করতে পারবে এবং পরিবেশক (ডিস্ট্রিবিউটর) উহা মানিয়া নিতে বাধ্য থাকবেন ;
- ১৬। করপোরেশন কর্তৃপক্ষ সকল / যে কোন আবেদনপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

উপরোক্ত শর্তাবলি মেনে আমি / আমার প্রতিষ্ঠান করপোরেশন এর প্যাকেটজাত চিনি, কেবুজ ভিনেগার ও জৈবসার “সোনার দানা” প্যাকেট এবং করপোরেশনের নিজস্ব খামারে উৎপাদিত বিভিন্ন পণ্যের পরিবেশক (ডিস্ট্রিবিউটর) নিয়োগ প্রাপ্তির আবেদনপত্র দাখিল করলাম।

তারিখ: -----

প্রতিষ্ঠান মালিকের স্বাক্ষর ও সীল